

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৯৫

আগরতলা, ৭ ডিসেম্বর, ২০২৩

অর্থ দপ্তরে ১০ জনকে অফার

উন্নয়নমূলক কাজে গতি আনতে সরকার পদক্ষেপ নিয়েছে : অর্থমন্ত্রী



সচিবালয়ের ২ নং সভাকক্ষে আজ এক অনুষ্ঠানে অর্থ দপ্তরের অধীনে ডাইরেক্টরেট অব ট্রেজারিসে ১০ জনকে এলডিসি পদে নিয়োগের অফার দেওয়া হয়। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় তাদের হাতে অফারগুলি তুলে দেন। উল্লেখ্য, অফারপ্রাপ্ত এই ১০ জন জেআরবিটি'র মাধ্যমে গ্রুপ-সি পদে নির্বাচিত হয়েছেন। নির্বাচিতদের হাতে অফার তুলে দিয়ে অর্থমন্ত্রী বলেন, রাজ্য সরকার জেআরবিটি'র মাধ্যমে গ্রুপ-সি পদে নিয়োগের জন্য প্রক্রিয়া শুরু করে ও পর্যায়ক্রমে তা সম্পন্ন করা হচ্ছে। জেআরবিটি'র মাধ্যমে গ্রুপ-সি পদে নির্বাচিত ১,৯৮০ জনকে বিভিন্ন দপ্তরে অফার দেওয়ার কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। এই উদ্যোগের অঙ্গ হিসেবে আজ অর্থ দপ্তরের অধীন ডাইরেক্টরেট অব ট্রেজারিসে ১০ জনকে এলডিসি পদে অফার দেওয়া হয়। অর্থমন্ত্রী জানান, সরকারের উন্নয়নমূলক কাজে গতি আনতে সরকার পদক্ষেপ নিয়েছে। অনুষ্ঠানে অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার সহ সংশ্লিষ্ট দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
